গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৭ ফেব্রুয়ারি ২০২৪ |
| সভার সময় | দুপুর ০২:৩০ টা |
| স্থান | আইসিটি প্রশিক্ষণ কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ।**

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.১ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিকভিত্তিতে সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন সর্বশেষ ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগের হালনাগাদকরণের কার্যক্রম সম্পন্ন করা হয় এবং ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখে সচিব মহোদয়ের অনুমতিক্রমে ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের সময় ১টি নাগরিক সেবার তথ্যসহ ১০টি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য হালনাগাদ করা হয়েছে। এ ছাড়াও সুরক্ষা সেবা বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ বিভাগের কর্মকর্তাবৃন্দের ই-মেইল, ফোন নম্বর ইত্যাদি তথ্যের পরিবর্তন হলে আইসিটি সেলে যোগাযোগ করে যত দ্রুত সম্ভব তা ওয়েবসাইটে হালনাগাদকরণের পাশাপাশি সেবা প্রদান প্রতিশ্রুতিতেও হালনাগাদকরণ করার বিষয়ে একমত পোষণ করেন। ৩য় কোয়ার্টারে সুরক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণে No Visa Required, বাংলাদেশ নাগরিকত্ব যাচাই, আগমনি ভিসা, ভিসার শ্রেণী পরিবর্তন, ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ, না দাবী প্রদান সেবার জন্য সংশ্লিষ্ট শাখা কর্তৃক ফরম প্রস্তুতপূর্বক তা সেবা প্রদান প্রতিশ্রুতিতে সংযোজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় ১০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত সেবাসমূহের ফরম সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রস্তুতপূর্বক আইসিটি সেলে সরবরাহের জন্য আহ্বান জানান। সদস্য সচিব সভায় অবহিত করেন ৩১ জানুয়ারি ২০২৪ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ

কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিকের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। ৩১ জানুয়ারি ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত ফিডব্যাক সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণে সাধারণ ত্রুটিসমূহের একটি তালিকা সকল মন্ত্রণালয়/বিভাগকে প্রদান করা হয়। সে মোতাবেক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি আরোও উন্নত করা এবং স্ব স্ব অফিসে ওয়েবসাইটে পিডিএফ ফাইলের পরিবর্তে HTML পাতা আকারে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রকাশের পরামর্শ প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। পরবর্তীতে সভাপতি এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত এ বিভাগের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার সাথে আলোচনা করার জন্য মতামত দেন এবং এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সকল সদস্যকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানান।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি চলতি অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করতে হবে;

(খ) No Visa Required, বাংলাদেশ নাগরিকত্ব যাচাই, আগমনি ভিসা, ভিসার শ্রেণী পরিবর্তন, ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ, না দাবী প্রদান সেবার জন্য সংশ্লিষ্ট শাখা কর্তৃক ফরম প্রস্তুতপূর্বক ১০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে আইসিটি সেলে সরবরাহ করতে হবে;

(গ) সংশ্লিষ্ট শাখার কোন সেবার তথ্য হালনাগাদকরণের লক্ষ্যে তথ্যাদি প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার সাথে আলোচনা করতে হবে;

(ঘ) ৩১ জানুয়ারি ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত ফিডব্যাক সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণে সাধারণ ত্রুটিসমূহের তালিকা অনুসরণপূর্বক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি আরোও উন্নত এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে পিডিএফ ফাইলের পরিবর্তে HTML পাতা আকারে প্রকাশ করতে হবে;

(ঙ) এ বিভাগের কর্মকর্তাবৃন্দের ই-মেইল, কক্ষ, ফোন ও ইন্টারকম নম্বর ইত্যাদি তথ্যের পরিবর্তন হলে আইসিটি সেলে যোগাযোগ করে তাৎক্ষণিকভাবে ওয়েবসাইটে হালনাগাদকরণের পাশাপাশি সেবা প্রদান প্রতিশ্রুতিতেও হালনাগাদ করতে হবে।

**২.০ আলোচ্য বিষয়: বিবিধ।**

**২.১ আলোচনা:** সভায় এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি (প্রমাণকসমূহ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারে দাখিল করার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্ণিত প্রশিক্ষণের আলোকে ৩য় ও ৪র্থ কোয়ার্টারে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি (প্রমাণকসমূহ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারে দাখিল করতে হবে। সভাপতি ৩য় ও ৪র্থ কোয়ার্টারে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি (প্রমাণকসমূহ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারে যথাসময়ে দাখিলের আহ্বান জানান।

**২.২ সিদ্ধান্ত:**

চলতি অর্থবছরের ৩য় ও ৪র্থ কোয়ার্টারে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি (প্রমাণকসমূহ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারে যথাসময়ে দাখিল করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.৪২

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০
০৩ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
সিস্টেম এনালিস্ট